# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৮৮

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ যেই জিনিসের মাধ্যমে প্রতিপালকের কাছে দু‘আ করলে, তিনি কবূল করেন

## ذِكْرُ الشَّيْءِ الَّذِي إِذَا دَعَا الْمَرْءُ بِهِ رَبَّهُ جَلَّ وَعَلَا أَجَابَهُ

আরবী

888 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدٍ عَنْ يَحْيَى الْقَطَّانِ عَنْ مَالِكِ بن مغول قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ بُرَيْدَةَ عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَمِعَ رَجُلًا يَقُولُ: اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنِّي أُشهدك أَنَّكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْأَحَدُ الصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يولد ولم يكن لك كُفُوًا أَحَدٌ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَقَدْ سَأَلْتَ اللَّهَ بِالِاسْمِ الَّذِي إِذَا سُئِلَ بِهِ أَعْطَى وَإِذَا دُعِيَ بِهِ أَجاب)

الراوي : بُرَيْدَة االمحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 888 | خلاصة حكم المحدث:. صحيح ـ

বাংলা

৮৮৮. বুরাইদাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এক ব্যক্তিকে বলতে শুনলেন, তিনি বলছেন, اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ بِأَنِّي أُشهدك أَنَّكَ لَا إِلَهَ إِلَّا أَنْتَ الْأَحَدُ الصَّمَدُ الَّذِي لَمْ يَلِدْ وَلَمْ يولد ولم يكن لك كُفُوًا أَحَدٌ (হে আল্লাহ, আমি আপনার কাছে চাচ্ছি, কারণ আমি আপনাকে সাক্ষিয রেখে বলছি যে, আপনি ছাড়া প্রকৃত কোন মা‘বূদ নেই, আপনি এক, মুখাপেক্ষীহীন, যিনি কাউকে জন্ম দেয়নি, আর তাকেও জন্ম দেওয়া হয়নি, তাঁর সমতুল্য কেউ নেই।) তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “নিশ্চয়ই তুমি আল্লাহর কাছে এমন নামের মাধ্যমে চেয়েছো যে নামের মাধ্যমে চাওয়া হলে, তিনি প্রদান করেন আর তার মাধ্যমে দু‘আ করা হলে তিনি কবূল করেন।”[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ১৪৯৩; মুসনাদ আহমাদ: ৫/৩৫০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১০/২৭১; ইবনু মাজাহ: ৩৮৫৭;

বাগাবী, শারহুস সুন্নাহ: ১২৬০; হাকিম: ১/৫০৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৩৪১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89392

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন